

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প

**Bangladesh Rural Water, Sanitation and Hygiene for Human Capital
Development project**

পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা – ইএসসিপি)
(Environmental and Social Commitment Plan (ESCP))

এপ্রিল ২০২০

পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা – ইএসসিপি

১. বাংলাদেশ সরকার (গ্রহিতা) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-কে সম্পৃক্ত করে মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প বাস্তবায়ন করবে। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, আইডিএ (উন্নয়ন সংস্থা) এ প্রকল্পে অর্থায়ন করতে সম্মত হয়েছে।
২. গ্রহিতা প্রকল্পটি যেন পরিবেশগত ও সামাজিক আদর্শমান – ইএসএস (Environmental and Social Standard - ESS) অনুসারে বাস্তবায়িত হয় সেজন্য প্রাসঙ্গিক ব্যবস্থা ও কার্যক্রম বাস্তবায়ন করবে। সামাজিক ও পরিবেশগত অঙ্গীকার পরিকল্পনা – ইএসসিপি (Environmental and Social Commitment Plan - ESCP) প্রাসঙ্গিক ব্যবস্থা ও কার্যক্রম, যে কোন নির্দিষ্ট নথিপত্র বা পরিকল্পনা এবং এদের প্রত্যেকটির জন্য সময়কাল নির্ধারণ করবে।
৩. গ্রহিতা ইএসএফ এর অধীনে প্রয়োজনীয় যে কোন ইএসএস নথিপত্রের শর্ত পূরণ করবে যা এই ইএসসিপি-তে উল্লেখ করবে; যেমন পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা – ইএসএমপি (Environmental and Social Management Plans - ESMP), শ্রম ব্যবস্থাপনা পরিকল্পনা – এমএমপি (Labor Management Plan - LMP), এবং স্টেকহোল্ডার এনগেজমেন্ট প্ল্যান – এসইপি (Stakeholder Engagement Plan - SEP) এবং এ সব ইএসএস নথিপত্রে উল্লিখিত সুনির্দিষ্ট সময়কাল।
৪. গ্রহিতা ইএসসিপি'র চাহিদা মোতাবেক সকল পরিপালনীয় বিষয়ের দায়িত্ব গ্রহণ করবে, এমন কি ১ নং অনুচ্ছেদ অনুসারে ডিপিএইচই ও পিকেএসএফ কর্তৃক সম্পাদিত সুনির্দিষ্ট ব্যবস্থা ও কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রেও।
৫. ইএসসিপি'র ও আইনী চুক্তির শর্ত মোতাবেক ইএসসিপি-তে বর্ণিত প্রাসঙ্গিক ব্যবস্থা ও কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি গ্রহিতা কর্তৃক পরিবীক্ষণ করা হবে এবং উন্নয়ন সংস্থার কাছে প্রতিবেদন প্রেরণ করা হবে। উন্নয়ন সংস্থা প্রকল্প বাস্তবায়নকালে প্রাসঙ্গিক ব্যবস্থা ও কার্যক্রমের অগ্রগতি ও সম্পন্ন হওয়ার বিষয়টি পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে।
৬. প্রকল্প পরিবর্তন ও অদৃষ্টপূর্ব পরিস্থিতির সাথে মানিয়ে নিতে অথবা ইএসসিপি'র অধীনে পরিচালিত প্রকল্পের কর্মকাণ্ড মূল্যায়নের মাধ্যমে উন্নয়ন সংস্থা ও গ্রহিতার ঐকমত্যের ভিত্তিতে এই ইএসসিপি প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে সময়ে পরিবর্তন করা যেতে পারে। এরূপ পরিস্থিতিতে গ্রহিতা উন্নয়ন সংস্থার সাথে এসব পরিবর্তনের বিষয়ে সম্মত হবে এবং এরূপ পরিবর্তনের প্রতিফলন ইএসসিপিতে নিয়ে আসবে। ইএসসিপি-তে পরিবর্তনের ঐকমত্যের বিষয়টি উন্নয়ন সংস্থা ও গ্রহিতা কর্তৃক স্বাক্ষরিত পত্রের মাধ্যমে লিখিত থাকবে। গ্রহিতা তাৎক্ষণিকভাবে হালনাগাদ ইএসসিপি প্রকাশ করবে।
৭. প্রকল্প পরিবর্তন, অদৃষ্টপূর্ব পরিস্থিতি কিংবা প্রকল্প কর্মকাণ্ডের ফলাফলের কারণে প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ঝুঁকি ও প্রভাব বিষয়ক কোন পরিবর্তনের উদ্ভব হলে প্রয়োজনে এমন ঝুঁকি ও প্রভাব নিরূপণে কার্যক্রম ও ব্যবস্থাপনা বাস্তবায়ন করতে গ্রহিতা অতিরিক্ত তহবিলের যোগান দিবে।

বিশ্বব্যাংক-পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)

প্রাসঙ্গিক ব্যবস্থাদি ও কার্যক্রম		সময়কাল	দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ
পরিবীক্ষণ ও প্রতিবেদন			
ক	নিয়মিত প্রতিবেদন প্রকল্পের পরিবেশগত, সামাজিক, স্বাস্থ্য ও সুরক্ষা (ইএসএইচএস) কর্মকাণ্ডের উপর নিয়মিত পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত ও ব্যাংকের কাছে দাখিল করতে হবে। প্রতিবেদনে ইএসসিপি'র বাস্তবায়ন, ইএসসিপি'র অধীনে প্রয়োজনীয় ইএসএস প্রস্তুত ও বাস্তবায়নের অবস্থা, স্টেকহোল্ডার এনগেজমেন্ট কর্মকাণ্ড, সংশ্লিষ্ট পরিস্থিতি মোকাবেলা কৌশলের কার্যকারিতা প্রভৃতি অন্তর্ভুক্ত থাকতে পারে।	সম্পূর্ণ প্রকল্প বাস্তবায়নকালে ঐকমত্যের ভিত্তিতে প্রস্তুতকৃত ফরমেটে অর্ধবার্ষিকী (প্রতি ছয় মাসে) প্রতিবেদন দাখিল।	ডিপিএইচই ও পিকেএসএফ (বাস্তবায়নকারী সংস্থা)
খ	যে কোন ঘটনা বা দুর্ঘটনা সম্পর্কে ব্যাংককে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে যার কারণে পরিবেশের উপর তাৎপর্যপূর্ণ বিরূপ প্রভাবে পড়েছে বা পড়ার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে দুর্ঘটনার কারণে আক্রান্ত এলাকাবাসী, জনতা বা শ্রমিকও অন্তর্ভুক্ত হবেন যে দুর্ঘটনার ফলে হতাহত, জিবিভি/এসইএ এর বিষয়, বর্জ্য ব্যবস্থাপনায় মারাত্মক অব্যবস্থাপনা, নিরাপত্তা লঙ্ঘন প্রভৃতি ঘটতে পারে। ঘটনা বা দুর্ঘটনার বিস্তারিত তথ্যের যোগান দিতে হবে যেখানে তাৎক্ষণিক গৃহীত ব্যবস্থাদি অথবা সমস্যা চিহ্নিত করার পরিকল্পনার উল্লেখ থাকতে হবে। যথাযথ মনে হলে যে কোন কন্ট্রাকটর বা তদারকি কর্তৃপক্ষ কর্তৃপ যোগান দেয়া তথ্যও সরবরাহ করতে হবে। পরবর্তীকালে ব্যাংকের অনুরোধে ঘটনা বা দুর্ঘটনার প্রতিবেদন প্রস্তুত করে তাতে এমন পরিস্থিতির পুনরাবৃত্তি প্রতিরোধের ব্যবস্থাদি প্রস্তাব করা যেতে পারে।	ঘটনা বা দুর্ঘটনার বিষয় জানার ২৪ ঘণ্টার মধ্যে ব্যাংককে জানাতে হবে। ব্যাংককে জানানোর ৭ দিনের মধ্যে এ বিষয়ে গৃহীত ব্যবস্থাদি উল্লেখ করে একটি প্রতিবেদন জমা দিতে হবে।	বাস্তবায়নকারী সংস্থা
ইএসএস ১: পরিবেশগত ও সামাজিক ঝুঁকি ও প্রভাব মূল্যায়ন ও ব্যবস্থাপনা			
১.১	সাংগঠনিক কাঠামো: বিশ্বব্যাংক কর্তৃক নির্ধারিত যোগ্যতা, অভিজ্ঞতা ও ToR বিবেচনায় প্রত্যেক প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ) কর্তৃক পরিবেশগত ঝুঁকি/প্রভাব, পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা এবং বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়সমূহ চিহ্নিতকরণের লক্ষ্যে একজন পরিবেশ বিশেষজ্ঞ (ইএস); সামাজিক বিষয়সমূহ (শ্রম, লিঙ্গ, ওএইচএস) চিহ্নিতকরণের লক্ষ্যে একজন সামাজিক	প্রকল্প কার্যকর হবার ১৫ দিনের মধ্যে প্রতিটি পিএমইউর জন্য উক্ত ৩ (তিন) জন বিশেষজ্ঞ (ইএস, এসডিএস এবং এইচএস) নিয়োগ প্রক্রিয়া শুরু হবে। বিশেষজ্ঞগণ প্রকল্প	বাস্তবায়নকারী সংস্থা

বিশ্বব্যাংক-পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)

	উন্নয়ন বিশেষজ্ঞ (এসডিএস); এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা এর কোভিড-১৯ প্রোটোকল পরিবীক্ষণ ও নিশ্চিত করতে একজন স্বাস্থ্য বিশেষজ্ঞ (এইচএস) নিয়োগ করা হবে।	বাস্তবায়নধীন সময়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত বাস্তবায়নকারী সংস্থার বর্তমান জনবল প্রকল্পের পরিবেশগত এবং সামাজিক (ইএন্ডএস) ব্যবস্থাপনার বিষয়ে সহযোগিতা প্রদান করবে।	
১.২	পরিবেশগত ও সামাজিক মূল্যায়ন পরিবেশগত এবং সামাজিক ব্যবস্থাপনা কাঠামো (ইএসএমএফ) প্রস্তুত এবং প্রকাশ করতে হবে। উপ-প্রকল্পের জন্য পরিবেশগত এবং সামাজিক প্রভাব মূল্যায়ন (ইএসআইএ) নীতিমালা প্রস্তুত এবং প্রকাশ করতে হবে।	প্রকল্প মূল্যায়নের (Project Appraisal) পূর্বে করতে হবে এবং প্রকল্প কার্যকর হওয়ার ৩০ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে। প্রতিটি উপ-প্রকল্পের বিস্তারিত নকশা প্রণয়নের সময়।	বাস্তবায়নকারী সংস্থা
১.৩	ব্যবস্থাপনা হাতিয়ার এবং সরঞ্জামসমূহ প্রতিটি উপ-প্রকল্পের জন্য পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএসএমপি) প্রস্তুত, প্রকাশ, হালনাগাদ এবং বাস্তবায়ন করতে হবে।	প্রতিটি উপ-প্রকল্পের বিস্তারিত নকশা প্রণয়ন পর্যায়ে তৈরি করতে হবে এবং নির্মাণ কাজের সময় বাস্তবায়ন করতে হবে।	বাস্তবায়নকারী সংস্থা
১.৪	ঠিকাদার ব্যবস্থাপনা ঠিকাদারদের সাথে সংশ্লিষ্ট ক্রয় সংক্রান্ত নথিসমূহে পরিবেশগত, সামাজিক, স্বাস্থ্য ও সুরক্ষা (ইএসএইচএস) শর্তাবলীর মধ্যে সংশ্লিষ্ট ইএন্ডএস নথি এবং/অথবা পরিকল্পনা সহ ইএসসিপি সম্পর্কিত বিষয় এবং শ্রম ব্যবস্থাপনা প্রক্রিয়া (এলএমপি) অন্তর্ভুক্ত করতে হবে। এরপরে, ঠিকাদারগণ স্ব স্ব চুক্তির ইএসএইচএসের শর্তসমূহ মেনে চলছে কি না তা নিশ্চিত করতে হবে। চুক্তি ও টেন্ডার নথিতে শ্রমিক এবং আশেপাশের	ঠিকাদারদের জন্য Expression of Interest (EOI) নোটিশ দেওয়ার আগে। টেন্ডার (বিড) ডকুমেন্ট প্রস্তুতকালীন সময়ে।	বাস্তবায়নকারী সংস্থা

বিশ্বব্যাপক-পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)

	<p>জনসাধারণের কোভিড-১৯ সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধের লিখিত আচরণবিধি সহ ইএসএমপি-তে সংশ্লিষ্ট ব্যবস্থাদির উল্লেখ থাকবে।</p> <p>নিম্নলিখিত বিষয়ে ঠিকাদারের প্রস্তুতি থাকতে হবে – ইএসএমপি ও অন্যান্য পরিকল্পনা যেমন, বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনা, ওএইচএস পরিকল্পনা, কমিউনিটি স্বাস্থ্য ও সুরক্ষা পরিকল্পনা, শ্রম ব্যবস্থাপনা পরিকল্পনা, যান ব্যবস্থাপনা পরিকল্পনা, শ্রমিকদের আবাসন ব্যবস্থাপনা পরিকল্পনা প্রভৃতি।</p>	<p>নির্মাণ কাজ শুরু আগে।</p>	
<p>ইএসএস ২: শ্রম ও কাজের শর্ত</p>			
<p>২.১</p>	<p>শ্রম ব্যবস্থাপনা প্রকল্পটি উন্নয়ন সংস্থার কাছে গ্রহণযোগ্য হয় এমনভাবে ইএসএস২ এ প্রযোজ্য শর্তানুসারে পরিচালিত হবে যার মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:</p> <p>(জরুরী প্রস্তুতি এবং ব্যবস্থা গ্রহণ সহ) যথাযথ পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন; (কোভিড-১৯ এর সম্ভাব্য ব্যাপক প্রাদুর্ভাব সহ) জরুরি জনস্বাস্থ্য পরিস্থিতির মধ্যে কাজের যথাযথ শর্ত নিশ্চিতকরণ; জরুরি পরিস্থিতি বিশেষত স্বাস্থ্য সম্পর্কিত বিষয় মোকাবেলার বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা; প্রকল্প শ্রমিকদের সংক্ষুদ্রতা প্রশমন ব্যবস্থা; এবং শ্রমিকদের জন্য প্রয়োজনীয় বিষয়গুলো ঠিকাদার এবং তদারককারী সংস্থার চুক্তিতে অন্তর্ভুক্ত করা। গ্রহিতা শিশু শ্রম (১৮ বছরের কম বয়সী যে কোনও ব্যক্তি), জোরপূর্বক শ্রম এবং পাচারকারী ব্যক্তিদের বিষয়ে নিষেধাজ্ঞা জারি করবে।</p> <p>শ্রমিক পরিচালনা পদ্ধতি (এলএমপি) প্রস্তুত, হালনাগাদ, গ্রহণ এবং বাস্তবায়ন করতে হবে।</p>	<p>প্রকল্প বাস্তবায়নাধীন সময়ে ইএসএস২ বাস্তবায়িত হবে।</p> <p>প্রকল্প মূল্যায়নের (Project Appraisal) পূর্বে করতে হবে; প্রকল্প কার্যকর হওয়ার ৩০ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নাধীন সময়ে অনুসরণ করতে হবে।</p>	<p>বাস্তবায়নকারী সংস্থা ও ঠিকাদারগণ</p>
<p>২.২</p>	<p>প্রকল্প শ্রমিকদের জন্য সংক্ষুদ্রতা প্রশমন কৌশল (Grievance Redress Mechanism - GRM): প্রকল্পের জন্য একটি GRM প্রতিষ্ঠা, অনুসরণ ও</p>	<p>প্রকল্প কার্যক্রম শুরু আগে শ্রমিকদের জন্য</p>	<p>বাস্তবায়নকারী সংস্থা ও ঠিকাদারগণ</p>

বিশ্বব্যাপক-পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)

	পরিচালনা করতে হবে যেখানে এলএমপি মোতাবেক ও ইএসএস২ এর সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প শ্রমিক বিষয়াদি অন্তর্ভুক্ত থাকবে।	জিআরএম তৈরি করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নাধীন সময়ে এটি অনুসরণ করতে হবে।	
২.৩	পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা (ওএইচএস) ব্যবস্থা এলএমপি-তে নির্দেশিত বিশেষ করে কোভিড-১৯ বুঁকি মোকাবেলার সাথে সম্পৃক্ত ব্যবস্থাদি নির্দেশ করে পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা (ওএইচএস) ব্যবস্থা প্রস্তুত, গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।	নির্মাণ কাজ শুরু হওয়ার আগে করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নাধীন সময়ে অনুসরণ করতে হবে।	বাস্তবায়নকারী সংস্থা
ইএসএস৩: সম্পদ ব্যবহারে দক্ষতা ও দূষণ প্রতিরোধ ব্যবস্থাপনা			
৩.১	সম্পদ ব্যবস্থারে দক্ষতা ও দূষণ প্রতিরোধ ব্যবস্থাপনা দূষণ প্রতিরোধের জন্য হালনাগাদ পরিবেশগত এবং সামাজিক পরিচালনা কাঠামো (ইএসএমএফ) অনুসরণ করে ইএসএমপি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে এবং যতটা সম্ভব বর্জ্য পদার্থ হ্রাস, পুনঃব্যবহার বা পুনঃক্রয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। পয়ঃনিষ্কাশন ব্যবস্থায় যে বর্জ্য উপপণ্ন হয় তা পরিশোধন, পরিবহন ও ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট ইএসএমপি-তে বর্ণিত নির্দেশনা এমন ভাবে অনুসরণ করতে হবে যাতে পরিবেশ ও মানব স্বাস্থ্যের ক্ষতি না হয়।	প্রকল্পের স্থান নির্দিষ্ট হওয়ার সাথে সাথে ও নির্মাণ কাজ শুরু হওয়ার আগেই সম্পদ ব্যবহারে দক্ষতা ও দূষণ প্রতিরোধে করণীয়সমূহ ইএসএমপি'তে চিহ্নিতকরণের বিষয়টি প্রণয়ন করতে হবে।	বাস্তবায়নকারী সংস্থা
ইএসএস৪: জনসাধারণের স্বাস্থ্য ও সুরক্ষা			
৪.১	কমিউনিটি ও শ্রমিক আবাসনে সংক্রামক রোগ বিশেষ করে কোভিড-১৯ ছড়িয়ে পড়া প্রতিরোধ ও হ্রাস করতে জাতীয় ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুসারে সামাজিক দূরত্ব ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্প এলাকায় কর্মীদের জন্য লিখিত আচরণবিধি প্রণয়ন এবং প্রশিক্ষণ ও সংবেদনশীল করার মাধ্যমে সকল প্রকার যৌন নিপীড়ন ও সহিংসতা প্রতিরোধ করতে হবে। প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ইতিমধ্যে এসইপি প্রস্তুত করেছে এবং এসইপি'র আওতায় একটি অভিযোগ প্রতিবিধান প্রক্রিয়া (জিআরএম) এবং এলএমপি'র আওতায় শ্রমিক সংশ্লিষ্ট জিআরএম গ্রহণ ও বাস্তবায়ন করবে। পরিচালনা করবে। এছাড়াও শ্রম ব্যবস্থাপনা পরিকল্পনার (এলএমপি) অধীনে শ্রম সম্পর্কিত অভিযোগ প্রতিবিধান প্রক্রিয়া (জিআরএম) গ্রহণ ও বাস্তবায়ন করবে। প্রকল্পের অভিযোগ	ইএসএমএফ এবং এসইপি প্রস্তুত করা হয়েছে এবং এতে বর্ণিত জনসাধারণের স্বাস্থ্য ও সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলি প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে (নথিপত্রের প্রয়োজনীয় হালনাগাদ সহ) গ্রহণ ও অনুসরণ করতে হবে।	বাস্তবায়নকারী সংস্থা

	<p>প্রতিবিধান প্রক্রিয়া (জিআরএম) সকল ধরনের জিবিডি ঝুঁকি এবং যৌন নিপীড়ন ও সহিংসতা প্রতিরোধ করবে।</p> <p>প্রকল্প এলাকায় নিয়োজিত নিরাপত্তা কর্মীরা যেন কঠোরভাবে নিয়ম অনুশীলন করে ও এর তীব্রতা প্রতিরোধ করে তা নিশ্চিত করতে হবে।</p>		
ইএসএস৫: জমি অধিগ্রহণ, জমি ব্যবহার এবং অনিচ্ছাকৃত পুনর্বাসনের উপর নিষেধাজ্ঞা			
৫.১	<p>পুনর্বাসন পরিকল্পনা যদি সাইট স্কিনিং এর সময় দেখা যায় যে, বসবাসকারীদের অস্তিত্ব এবং জীবিকার উপর বিরূপ প্রভাবের ইঙ্গিত পরিলক্ষিত হচ্ছে তবে সংক্ষিপ্ত জমি পুনরুদ্ধার এবং অগ্রগতি (আরএপি) কার্যক্রম প্রস্তুত করতে হবে।</p>	<p>প্রকল্প বাস্তবায়নের আগে।</p>	<p>বাস্তবায়নকারী সংস্থা</p>
ইএসএস৬: জীববৈচিত্র্য সংরক্ষণ এবং জীবিত প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবস্থাপনা			
৬.১	<p>জীববৈচিত্র্য ঝুঁকি এবং প্রভাব যথাযথ স্কিনিং এর মাধ্যমে জীববৈচিত্র্যের মূল্যবান সম্ভাব্য সংবেদনশীল স্থান ও এর আশ পাশ নির্বাচন করতে হবে এবং স্থান ভেদে স্কিনিং করে সে অনুযায়ী প্রভাব নিরূপণ ও উপযুক্ত প্রশমন ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>স্কিনিং চলাকালীন জীববৈচিত্র্যের আলোকে কোন ঝুঁকি চিহ্নিত হলে, নির্মাণ কাজ শুরু আগেই তা প্রশমনের উদ্যোগ নিতে হবে।</p>	<p>বাস্তবায়নকারী সংস্থা</p>
ইএসএস ৭: নৃতাত্ত্বিক জনগোষ্ঠী এবং সাব সাহারান আফ্রিকার ঐতিহাসিক সুবিধাবঞ্চিত ঐতিহ্যগত স্থানীয় সম্প্রদায়			
৭.১	<p>নৃতাত্ত্বিক জনগোষ্ঠী পরিকল্পনা যদি এই জাতীয় সম্প্রদায়গুলো ইএসএস৭ এ উল্লিখিত বৈশিষ্ট্যগুলি প্রদর্শন করে তবে ক্ষুদ্র জাতিসত্তার সংখ্যালঘু এবং ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী পরিকল্পনা প্রণয়ন করতে হবে।</p>	<p>প্রকল্প বাস্তবায়নের আগে যদি সম্প্রদায়গুলি ইএসএস৭ এ উল্লিখিত বৈশিষ্ট্যগুলি প্রদর্শন করে।</p>	<p>বাস্তবায়নকারী সংস্থা</p>
ইএসএস ৮: সাংস্কৃতিক ঐতিহ্য			
৮.১	<p>কোনও নির্মাণ কাজের সময় সাংস্কৃতিক ঐতিহ্য পাওয়া গেলে ঠিকাদারদের নির্মাণকাজ বন্ধ করতে হবে এবং এই জাতীয় সাংস্কৃতিক ঐতিহ্য উদ্ধার ও পুনরুদ্ধারের জন্য রাস্ট্রের যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।</p>		<p>বাস্তবায়নকারী সংস্থা</p>
ইএসএস ৯: আর্থিক মধ্যস্থতাকারী			
৯.১	<p>বড় ও ছোট উভয় শ্রেণীর এমএফআই তাদের পরিবেশগত এবং সামাজিক ব্যবস্থাপনা প্রক্রিয়া (ইএসএমএস) প্রস্তুত, গ্রহণ এবং অনুসরণ করার</p>	<p>প্রকল্প বাস্তবায়নের আগে প্রকল্প বাস্তবায়ন কর্তৃপক্ষ সমস্ত ইএসএমএসের</p>	

বিশ্বব্যাংক-পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)

	<p>বিষয়টি নিশ্চিত করবে।</p> <p>এমএফআইগুলো সুনির্দিষ্ট ভূমিকা ও দায়িত্ব সহ ইএসএমএস বাস্তবায়নের জন্য সাংগঠনিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি প্রক্রিয়া অব্যাহত রাখবে (যেখানে সাংগঠনিক কাঠামোর অংশ হিসেবে ইএন্ডএস ব্যবস্থাপনায় প্রাসঙ্গিক ও নির্দিষ্ট পদবী/সম্পদ নির্ধারণ করা হবে)।</p> <p>সাব-প্রকল্পগুলিতে পরিবেশগত ও সামাজিক কার্যকারিতার জন্য সামগ্রিক ভূমিকা পালনে এমএফআইগুলি একজন উর্ধ্বতন ব্যবস্থাপনা প্রতিনিধিকে মনোনীত করবে।</p>	<p>অবস্থান নিশ্চিত করবে।</p> <p>বিশ্বব্যাংক ইএসএমএস পর্যালোচনা করবে।</p> <p>ইতিমধ্যে বিশ্বব্যাংকের ফিনান্স প্রতিযোগিতা ও উদ্ভাবন (এফসিআই) পিকেএসএফ-এর একটি মধ্যবর্তী আর্থিক গবেষণা কার্যক্রম পরিচালনা করেছে।</p>	
<p>ইএসএস ১০: স্টেকহোল্ডার সম্পৃক্তকরণ ও তথ্য উন্মুক্তকরণ</p>			
<p>১০.১</p>	<p>স্টেকহোল্ডার সম্পৃক্তকরণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন:</p> <p>স্টেকহোল্ডার সম্পৃক্তকরণ পরিকল্পনা (এসইপি) প্রণয়ন, হালনাগাদ, গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।</p> <p>প্রকল্পে অভিযোগ প্রতিবিধান প্রক্রিয়া:</p> <p>এসইপি'তে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী অভিযোগ প্রতিবিধান প্রক্রিয়া প্রস্তুত, গ্রহণ, অনুসরণ ও পরিচালনা করতে হবে।</p>	<p>প্রকল্প মূল্যায়নের পূর্বে এবং প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এসইপি গ্রহণ, হালনাগাদ এবং বাস্তবায়ন করতে হবে।</p> <p>প্রকল্পের কার্যকারিতা শুরুর আগে এবং প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রয়োজন অনুযায়ী হালনাগাদ ও অনুসরণ করতে হবে।</p>	<p>বাস্তবায়নকারী সংস্থা</p>

বিশ্বব্যাংক-পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)

সক্ষমতা উন্নয়ন সহায়তা (প্রশিক্ষণ)		
প্রদত্ত প্রশিক্ষণ সুনির্দিষ্টকরণ	লক্ষ্যভূক্ত দল এবং সময়সীমা	প্রশিক্ষণ সমাপ্ত
বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রয়োজনে তৃতীয় পক্ষের সহায়তায় (স্বাধীন বিশেষজ্ঞ, এনজিও, ইত্যাদি) ঝুঁকি সম্পর্কে তাদের সচেতনতা বৃদ্ধি করতে এবং প্রভাবগুলি প্রশমিত করতে প্রকল্পের সাথে সম্পৃক্ত লক্ষ্যভূক্ত জনগোষ্ঠীর জন্য প্রশিক্ষণ ডিজাইন ও বাস্তবায়ন করবে। এই ইএসসিপি নিম্নোক্ত বিষয়গুলিকে প্রাথমিক ভাবে প্রশিক্ষণ পরিকল্পনায় প্রস্তাব করে। এই প্রশিক্ষণ পরিকল্পনাটি প্রকল্প বাস্তবায়নকালীন চাহিদামাফিক অভিযোজন করা হবে।		
ইএসএফ: ইএসএফ প্রশিক্ষণ এবং ইএসএস ১০সহ ইএসএমপি বাস্তবায়ন	বাস্তবায়ন কর্তৃপক্ষের কর্মী যারা প্রকল্পের সাথে সরাসরি সম্পর্কিত।	প্রকল্পের কার্যকারিতার পূর্বে।
<p>কোভিড -১৯ সম্পর্কিত বিষয়</p> <ul style="list-style-type: none"> • পিপিই ব্যবহার এবং স্বাস্থ্যসম্মত উপয়ে নিষ্কাশন (সকলের জন্য) • কোভিড-১৯ পরিবেশে কাজ করা (নির্মাণ শ্রমিক) • কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা • কোভিড-১৯ সতর্কতা (সামাজিক দূরত্ব ইত্যাদি) • ঝুঁকিপূর্ণ যোগাযোগ, প্রতিরোধ এবং কমিউনিটির সম্পৃক্তকরণ (প্রশাসনিক এবং পরিচালন কর্মী) • বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সিডিসি নির্দেশিকা অনুসারে পৃথকিকরণ ব্যবস্থা 	বাস্তবায়ন কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ, স্থানীয়ভাবে সক্রিয় এনজিও, নির্মাণ কাজের ঠিকাদার ও শ্রমিক।	প্রকল্পের কার্যকারিতার পূর্বে।
<p>পেশাগত স্বাস্থ্য এবং সুরক্ষা মডিউল:</p> <ul style="list-style-type: none"> • ইএসএমপি বাস্তবায়ন • কর্মক্ষেত্রের ঝুঁকি ব্যবস্থাপনা • কর্মস্থলে দুর্ঘটনা প্রতিরোধ • স্বাস্থ্য এবং সুরক্ষা বিধি • সোলিড (শক্ত) এবং লিকুইড (তরল) বর্জ্য ব্যবস্থাপনা • জরুরী পরিস্থিতিতে প্রস্তুতি এবং পদক্ষেপ গ্রহণ 	বাস্তবায়ন কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ, স্থানীয়ভাবে সক্রিয় এনজিও, নির্মাণ কাজের ঠিকাদার ও শ্রমিক।	প্রকল্পের কার্যকারিতার আগে এবং প্রকল্প সময়কাল পর্যন্ত ছয় মাস অন্তর।
<p>শ্রমিক ও তাদের কাজের পরিবেশ:</p> <ul style="list-style-type: none"> • জাতীয় প্রচলিত আইন ও বিধি মোতাবেক কাজের শর্তাবলী 	বাস্তবায়ন কর্তৃপক্ষের স্থানীয় কর্মকর্তাবৃন্দ,	প্রকল্পের কার্যকারিতা পূর্বে।

বিশ্বব্যাংক-পরিবেশগত ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (ইএসসিপি)

<ul style="list-style-type: none"> • ঠিকাদার এবং উপ-ঠিকাদারের আচরণবিধি • শ্রমিক সংস্থাসমূহ • শিশুশ্রম এবং সর্বনিম্ন বয়সের কর্মসংস্থান বিধিমালা 	<p>ঠিকাদার স্বাস্থ্য সুরক্ষা কর্মকর্তা, শ্রমিক সরদার (নেতা)।</p>	
<p>অভিযোগ নিরসন পদ্ধতি মডিউল, নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় রেখে একটি প্রশিক্ষণ মডিউল ডিজাইন করা হবে;</p> <ul style="list-style-type: none"> • নিবন্ধন এবং প্রক্রিয়াকরণ পদ্ধতি • অভিযোগ নিরসন পদ্ধতি • অভিযোগ নথিভুক্তকরণ ও প্রক্রিয়াকরণ • বিভিন্ন স্টেকহোল্ডারদের কার্য পরিচালনা পদ্ধতি 	<p>ইএস, এসডিএস, এইচএস, স্থানীয় সরকার, সিভিল সোসাইটি, স্থানীয় এনজিও এবং ঠিকাদার।</p>	<p>প্রকল্পের কার্যকারিতার পূর্বে এবং এরপর প্রতি ছয় মাসে একবার।</p>
<p>লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (জিবিভি) ঝুঁকি মডিউল:</p> <ul style="list-style-type: none"> • জিবিভি ঝুঁকি রোধ ও হ্রাস করার জন্য সচেতনতা এবং পদক্ষেপ বৃদ্ধি। • প্রকল্পে জিআরএমে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (জিবিভি) সংক্রান্ত আলোচ্য বিষয় ও কার্যাবলী অন্তর্ভুক্তি। 	<p>বাস্তবায়ন কর্তৃপক্ষের স্থানীয় কর্মকর্তা, ঠিকাদার, স্বাস্থ্য সুরক্ষা কর্মকর্তা, শ্রমিক সরদার (নেতা), স্থানীয় এনজিও, এবং ওসিসি কর্মী।</p>	<p>প্রকল্পের কার্যকারিতা পূর্বে এবং এরপর বছর শেষে</p>
<p>বর্জ্য ব্যবস্থাপনা:</p> <p>প্রতিটি পানির উৎসের জন্য নিযুক্ত কেয়ারটেকারকে পানির উৎস পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। যেখানে বর্জ্য পানি নিরাপদ নিষ্কাশন এবং স্যানিটেশন প্রযুক্তি ও তার ব্যবস্থাপনা বিষয়ে বিশেষ নজর দেয়া হবে। স্থানীয় সুইপারদের জন্য মল বর্জ্য নিরাপদ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও বাস্তবায়ন করা হবে।</p>	<p>পানির উৎসের কেয়ারটেকার এবং স্থানীয় সুইপার।</p>	<p>কেয়ারটেকার ও সুইপারদের প্রশিক্ষণ ও দায়িত্ব প্রদানের পরে।</p>